**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ০৩ জানুয়ারি, ২০২১।

সময়: দুপুর ১২.৩০ মিনিট।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি বলেন, ২৪ জানুয়ারি আন্তর্জাতিক শিক্ষা দিবস পালনের বিষয়ে সকলকে প্রস্তুত থাকতে হবে, অর্পিত দায়িত্ব কর্মকর্তাগণ ঠিকভাবে পালন করবে। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান ১৫ ডিসেম্বরের সভার পরিপ্রেক্ষিতে সম্পাদিত কাজের অগ্রগতি উপস্থাপন করেন ও এর বিভিন্ন বিষয় নিয়ে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশ নেন এবং পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান। | এপিএ, শুদ্ধাচার কর্মকৌশল, উদ্ভাবনী উদ্যোগ, ই-নথি, নথি শ্রেণিকরণ ও নথি বিনষ্টকরণ, উত্তম চর্চা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ অব্যাহত রাখা। | সিনিয়র প্রোগ্রাম অফিসার<br>মিজ শাকিলা দিল হাছিন,<br>প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) |
| ২ | এপিএ'র ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ। | এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন সময়মত প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ করা। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফোকাল পয়েন্ট<br>জনাব মোঃ সোহেলুজ্জামান,<br>প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ৩ | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সময়মত প্রেরণ করা | প্রোগ্রাম অফিসার (আইসিটি) |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ৪ | অডিট আপত্তি নিষ্পন্ন করা। | অডিট আপত্তি নিষ্পন্ন করার বিষয়ে কার্যক্রম চালিয়ে যাওয়া। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ), সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৫। | আন্তর্জাতিক শিক্ষা দিবস পালন করা। | কর্মকান্ডে সকল কর্মকর্তার অংশগ্রহণ নিশ্চিত করা। | সকল কর্মকর্তা |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৬.০২.২০২১

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন